তারিখ 18 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

সমকাল

জবির হল নির্মাণের দাবি

# সড়ক অবরোধ বিক্ষোভ, আজ ধর্মঘট

জবি প্রতিবেদক

আবাসন সংকট নিরসনে ঢাকা কেন্দ্রীয় কারাগারের খালি জায়গায় হল নির্মাণের দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা। গতকাল বুধবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনের সড়কে তারা এ বিক্ষোভ করেন। একই দাবিতে আজ বৃহস্পতিবার সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে।

জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান সমকালকে বলেন, নাজিমউদ্দিন রোডে ঢাকা কেন্দ্রীয় কারাগারের জমি সরকারের কাছে বরাদ্দ চাওয়ার ব্যাপারে ৮ আগস্ট বিশ্ববিদ্যালয়ের ৩৮তম একাডেমিক কাউন্সিলের জরুরি সভায় সিদ্ধান্ত হয়। এরই মধ্যে চিঠি পাঠানো হয়েছে। ওই জমি পাওয়া গেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ জাতীয় চার নেতার নামে আবাসিক হল, জাদুঘর, গবেষণা কেন্দ্র, সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণে পদক্ষেপ নেওয়া হবে। তাই স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়– এমন কর্মসূচি থেকে ছাত্রছাত্রীদের সরে আসার আহ্বান জানান উপাচার্য।

প্রত্যক্ষদর্শীরা জানান, হল নির্মাণের দাবিতে পূর্বঘোষিত কর্মসূচির অংশ হিসেবে গতকাল সকাল ১০টায় প্রায় ৫০০ শিক্ষার্থী ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে শিক্ষা মন্ত্রণালয় ঘেরাওয়ের উদ্দেশে রওনা হন। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক ও রায়সাহেব বাজার মোড়ে পৌঁছলে বাধা দেয় পুলিশ। বাধা উপেক্ষা করে বেলা ১১টার দিকে মিছিলটি পৃষ্ঠা ১৩ : কলাম ৮



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে রাস্তা অবরোধ করে বিক্ষোভ করেন সমকাল

## সড়ক অবরোধ

[তৃতীয় পৃষ্ঠার পর]

হাইকোর্ট মোড়ে পৌঁছলে পুলিশ ব্যারিকেড দিয়ে শিক্ষার্থীদের ফের বাধা দেয়। এ সময় শিক্ষার্থীরা জাতীয় প্রেস ক্লাবের সামনের সড়ক অবরোধ করে বিক্ষোভ শুরু করেন। প্রায় এক ঘণ্টা পল্টন থেকে হাইকোর্ট মোড় পর্যন্ত সড়ক বন্ধ থাকায় ওই এলাকায় তীব্র যানজটের সৃষ্টি হয়। ঘটনাস্থলে পুলিশের জলকামান পৌঁছলে শিক্ষার্থীদের বিক্ষোভ আরও তীব্র আকার ধারণ করে। পরে জবির প্রক্টর নূর মোহাম্মদ ও পুলিশের রমনা জোনের জ্যেষ্ঠ সহকারী কমিশনার শিবলী নোমানের অনুরোধে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেন। এ সময় সংবাদ সম্মেলনে হল আন্দোলনের প্রতিনিধিত্বকারী ও বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের শিক্ষার্থী মনিরুল ইসলাম রাজন আজ বিশ্ববিদ্যালয়ে ক্লাস পরীক্ষা বর্জন করে সবাত্মক ধর্মঘট পালনের আহ্বান জানান। দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের আন্দোলন চলবে বলেও জানানো হয়।

এদিকে অপ্রীতিকর ঘটনা এড়াতে জবি ক্যাম্পাস ও বাহাদুর শাহ পার্ক এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। জবি প্রক্টর ড. নূর মোহাম্মদ সমকালকে বলেন, শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচিতে প্রশাসনের সমর্থন রয়েছে। তবে আন্দোলনের নামে কোনো ধ্বংসাত্মক কর্মসূচি গ্রহণ করলে ব্যবস্থা নেওয়া হবে। নাজিমউদ্দিন রোডের পুরনো কেন্দ্রীয় কারাগারের জমিতে হল নির্মাণের দাবিতে ১ আগস্ট থেকে আন্দোলন শুরু করেন জবির শিক্ষার্থীরা। কিন্তু সরকারের পক্ষ থেকে এখনও এ বিষয়ে কোনো সাড়া মেলেনি।